18

দৈনিক সংবাদ

তারিখ 29 NOV 1997
পৃষ্ঠা 2 কলাম 7

# আইডিয়াল স্কুলে ৩রা ডিসেম্বরের মধ্যে ক্লাস চালু হবে ঃ সাবের চৌধুরী

আইডিয়াল স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান ও জাতীয় সংসদ সদস্য সাবের হোসেন চৌধুরী জানিয়েছেন, আগামী ৩রা ডিসেম্বরের মধ্যে পুরোদমে ক্লাস চালু করা হবে। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেছেন।

আইডিয়াল স্কুল এন্ড কলেজের বিরাজমান পরিস্থিতি সম্পর্কে এক বিবৃতিতে তিনি বলেন, ফয়জুর রহমান নিজেকে অধ্যক্ষ দাবি করে বিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করার যে ঘোষণা দিয়েছেন তা সম্পূর্ণ বেআইনি; বিধি-বহির্ভূত ও প্রতিষ্ঠানের স্বার্থের পরিপন্থী। ফয়জুর রহমান আবারও প্রমাণ করলেন যে, তিনি তাঁর অবৈধ অবস্থান এবং ব্যক্তিগত স্বার্থকে সব কিছুর উর্ধ্বে দেখেন। ৬ হাজার ছাত্রছাত্রীর ভবিষ্যৎ তার কাছে মোটেই গুরুত্বপূর্ণ নয়।

তিনি বলেন, ফয়জুর রহমানের সাথে আমার কোন ব্যক্তিগত বিরোধ বা দ্বন্দ্ব নেই। তবে দুর্নীতি, অনিয়ম, অন্যায়ের সাথে আমার সব সময় দ্বন্দ্ব ছিল, বর্তমানে আছে এবং ভবিষ্যতেও থাকবে। গভর্নিং বডির চেয়ারম্যান হিসেবে আমি সকলকে আশ্বস্ত করতে চাই যে, প্রতিষ্ঠানের বৃহত্তর স্বার্থ সংরক্ষণে যথাযথ আইনানুগ ব্যবস্থা অবশ্যই গ্রহণ করা হবে।